**পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ**

**মাধ্যমিক পরীক্ষা জুন, ২০২৬**

# বাংলা

## (দ্বিতীয় ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

**পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ**

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

**বিভাগ-ক**

১. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ 1×15=15

১.১ বৃন্দাবনের মায়ের শ্রাদ্ধের ক-দিন আগে চরণের ভেদবমি শুরু হয়?

(ক) দুদিন (খ) তিনদিন
(গ) একদিন (ঘ) চারদিন

১.২ ‘‘শান্তি পাইতেছিনা’’ – শান্তি না পাওয়ার কারণ—

(ক) মনের দুঃখ (খ) শরীর অসুস্থ
(গ) অর্থাভাব (ঘ) কাজের চাপ

১.৩ অন্ধসংস্কার কথাটির অর্থ হল—

(ক) ভক্তি (খ) বিচারহীন বিশ্বাস
(গ) অবিশ্বাস (ঘ) উমেদার

১.৪ কারা বই জিনিসটার প্রকৃত সম্মান করতে জানে?

(ক) বাংলাদেশ (খ) ফ্রান্স
(গ) ইংল্যান্ড (ঘ) ভারত

১.৫ ভুটিয়ানিরা নিজেদের পরিচয় দেয়—

(ক) ‘শ্রমশীলা’ বলে (খ) ‘পাহাড়নি’ বলে
(গ) ‘সত্যবাদী’ বলে (ঘ) ‘নীচেকা আদমি’ বলে

১.৬ বাল্যকালে রবীন্দ্রনাথকে ‘কুমারসম্ভব’ মুখস্থ করিয়েছিলেন—

(ক) চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় (খ) জ্ঞানচন্দ্র ভট্টাচার্য
(গ) কালীকিঙ্কর রায় (ঘ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

১.৭ মা মানত করেন—

(ক) মসজিদে (খ) দরগায়
(গ) আল্লা রসুলের কাছে (ঘ) ঈশ্বরের কাছে

১.৮ ‘ঐকতান’ কথার অর্থ কী?

(ক) হাততালি (খ) চিৎকার
(গ) কোমল স্বর (ঘ) মিলিত স্বর

১.৯ ‘বঙ্গভাষা’ কবিতাটি লিখেছেন—

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) নজরুল ইসলাম
(গ) মধুসূদন দত্ত (ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত

১.১০ ‘লঙ্ঘিতে হবে’ বলতে বোঝানো হয়েছে—

(ক) লাফাতে হবে (খ) চলতে হবে
(গ) পার হতে হবে (ঘ) দৌড়াতে হবে

১.১১ ঘুঙুরের মতো বেহুলার পায়ে কারা কেঁদেছিল?

(ক) সোনালি ধান (খ) বাংলার নদী

(গ) বাংলার নদী, মাঠ, ভাঁটফুল (ঘ) মাঠের ফসল

১.১২ সোমক পুত্রলাভ করেন—

(ক) নবীন বয়সে (খ) মধ্যবয়সে

(গ) স্বল্প বয়সে (ঘ) প্রাচীন বয়সে

১.১৩ 'তত্ত্ববোধিনী সভা' প্রতিষ্ঠা করেন—

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) রামকৃষ্ণ পরমহংসদেব

(গ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর (ঘ) রামমোহন রায়

১.১৪ 'বিদ্যালয়' শব্দটি হল—

(ক) দেশি শব্দ (খ) অর্ধতৎসম শব্দ

(গ) তৎসম শব্দ (ঘ) তদ্ভব শব্দ

১.১৫ 'অন্তর' শব্দটির পদান্তর হবে—

(ক) অন্তরতম (খ) আন্তরিক

(গ) অন্তরহীন (ঘ) অন্তর্গত

## বিভাগ-খ

২. নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ 1×10=10

২.১ গোপাল কীসের ভয়ে বৃন্দাবনের বাড়িতে যেতে চায়নি?

২.২ বিকাশবাবুর সঙ্গে লেখকের আত্মীয়তার সম্পর্ক কীরকম?

২.৩ রাম চাকরির জন্য কী পাঠিয়েছে?

২.৪ সংসারীলোক বই কেনে কীভাবে?

২.৫ লেখিকা ঢেঁকিশাকের কথা কোথায় পাঠ করেছিলেন?

২.৬ বিলেতে বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রনাথ কতদিন পড়েছিলেন?

২.৭ রুগ্ন ছেলের মাথার কাছে মা একলা কেন?

২.৮ কাদের 'পরে ভর দিয়ে সমস্ত সংসার চলছে?

২.৯ 'কমল-কানন' ভুলে কবি কোথায় খেলা করেছেন?

২.১০ "পন্থা আছে আরো"— এখানে কী পন্থার কথা বলা হয়েছে?

## বিভাগ-গ

**৩.১** নিম্নলিখিত *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10

(ক) ‘পণ্ডিতমশাই’ উপন্যাসের পাঠ্য অংশে বৃন্দাবন চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। 5

(খ) ‘‘আমার যাহা করিবার তাহা করিয়াছি।’’— কে এই কথা বলেছেন? তিনি কোন্ মানসিকতা নিয়ে কী কী কাজ করেছেন? 1+4

(গ) ‘প্রার্থনা’ গদ্যাংশটির মূল ভাববস্তু সংক্ষেপে লেখো। 5

(ঘ) ‘মনের চোখ বাড়ানো কমানো’ কীভাবে সম্ভব তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। 5

**৩.২** নিম্নলিখিত *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×1=5

(ক) ‘‘ঈশ্বরই প্রশংসার যোগ্য। তিনিই ধন্য।’’— কার লেখা, কোন্ রচনার উক্তি এটি? উক্তিটির বিষয়বস্তু রচনাংশ অবলম্বনে আলোচনা করো। 1+4

(খ) বিলেতে রবীন্দ্রনাথের লেখাপড়া কীভাবে, কতখানি হয়েছিল— আলোচনা করো। 5

**৩.৩** নিম্নলিখিত *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×2=10

(ক) ‘পল্লীজননী’ কবিতায় বর্ণিত পল্লীগ্রামের দৃশ্য সংক্ষেপে তুলে ধরো। 5

(খ) ‘‘সেই ক্ষোভে পড়ি গ্রন্থ’’— কার লেখা, কোন্ কবিতার অংশ? কবি কোন্ গ্রন্থ পড়েন? এমন ক্ষোভের কারণ কী? 2+1+2

(গ) ‘‘মজিনু বিফল তপে অবরণ্যে বরি’’— কার লেখা, কোন্ কবিতার অংশ এটি? কবির এরকম অনুশোচনার কারণ কী? 2+3

(ঘ) ‘কাণ্ডারী হুঁশিয়ার’ কবিতায় কবি নজরুল ইসলামের মূল বক্তব্য বিষয় তোমার নিজের ভাষায় তুলে ধরো।

**৩.৪** নিম্নলিখিত *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×1=5

(ক) ‘‘নরধর্ম রাজধর্ম পিতৃধর্ম হায়
অনলে করেছি ভস্ম’’— কে, কী প্রসঙ্গে একথা বলেছেন? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। 2+3

(খ) ‘নরকবাস’ নাট্যকাব্যের নামকরণের সার্থকতা যথাসম্ভব সংক্ষেপে আলোচনা করো। 5

**৩.৫** নিম্নলিখিত *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ 5×1=5

(ক) হিন্দু সমাজে যে-সব কুসংস্কার ও কুপ্রথা বাসা বেঁধেছিল– তা দূরীকরণে রাজা রামমোহনের ভূমিকা সংক্ষেপে লেখো। 5

(খ) ‘‘ধর্ম অপেক্ষা সমাজ সেবার উপরেই তিনি জোর দিয়েছিলেন।’’— কার কথা বলা হয়েছে? তিনি কীভাবে সমাজ সেবায় আত্মনিয়োগ করেছিলেন – পাঠ্যাংশ অবলম্বনে লেখো। 1+4

**বিভাগ-ঘ**

৪. নিম্নলিখিত *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ 2×5=10

৪.১. অনুসর্গ যোগে দুটি বাক্য লেখো।

৪.২. আলংকারিক অব্যয়পদ কাকে বলে? একটি উদাহরণ দাও।

৪.৩. একই শব্দ দুবার বসিয়ে বহুবচনের রূপ দাওঃ

(ক) বাগানে __________ ফুল।

(খ) __________ বক উড়ছে।

৪.৪. শুদ্ধবাক্য গঠনের শর্ত ক-টি? কী কী?

৪.৫. পদান্তর করো ঃ

পৃথিবী, বিদ্যা

৪.৬. সন্ধি বিচ্ছেদ করো ঃ

পুরোহিত, উল্লাস

৪.৭. সমাস ও সন্ধির মধ্যে দুটি পার্থক্য দেখাও।

৪.৮. বাক্য সংকোচন করো ঃ

যে বিদেশে থাকে, যে পরে জন্মেছে

৪.৯. শব্দের অর্থবিস্তার করো ঃ

প্রাতরাশ, সর্বভুক্

**বিভাগ-ঙ**

৫. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 5×2=10

৫.১. ভাবসম্প্রসারণ করে দেখাও ঃ

"ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।"

*অথবা,*

বাংলায় অনুবাদ করো ঃ

Student life is the stage of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow. He has different duties.

৫.২. সারাংশ লেখো ঃ

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।
সর্বজন সর্বক্ষণ চলে যেই পথে
তৃণগুল্ম সেখা নাহি জন্মে কোন মতে;
যে জাতি চলে না কভু তারি পথে পরে
তন্ত্রমন্ত্র সংহিতায় চরণ না সরে।

*অথবা,*

বিদ্যালয়ে মোবাইল ব্যবহার সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।

**বিভাগ-চ**

৬. নিম্নলিখিত *যেকোনো একটি* বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো ঃ 10×1=10

৬.১ বিজ্ঞান ও কুসংস্কার

৬.২ একটি ভ্রমণের অভিজ্ঞতা

৬.৩ শীতের সকাল

৬.৪ তোমার প্রিয় কবি

———